



বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
www.ecs.gov.bd

নথি নং-১৭.০০.০০০০.০২৯.৬৬.১৯৪.২১-৮৮

তারিখ: ২০-০৩-২০২২

ইভিএম সংরক্ষণ করার জন্য বাড়ি/গোড়াউন ভাড়ার বিজ্ঞপ্তি

নির্বাচন কমিশন সচিবালয়ের আওতাধীন ৬৪টি জেলা নির্বাচন অফিসে ইভিএম সংরক্ষণ করার জন্য আঞ্চলিক নির্বাচন অফিস/সিনিয়র জেলা নির্বাচন অফিস/জেলা নির্বাচন অফিস সংলগ্ন গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ভাড়ার হারে ০৩(তিন) বছরের চুক্তিতে (নবায়নযোগ্য) বাড়ি/গোড়াউন ভাড়ার জন্য বাড়ির মালিকগণ হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র বিজ্ঞপ্তি জারীর পর হতে আগ্রহী বাড়ির মালিকগণ আগামী ০৪-০৪-২০২২খ্রি: তারিখের মধ্যে সাধারণ সেবা-২, নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন ভবন(লিফট-২, রুম-২২৪ এর সম্মুখে রক্ষিত বাক্সে) আগারগাঁও, ঢাকায় দুপুর: ১২:০০ ঘটিকা পর্যন্ত সীলগালাকৃত খামে দরপত্র জমা দান করবেন এবং প্রাপ্ত দরপত্রসমূহ ০৪-০৪-২০২২খ্রি: তারিখে বিকাল ৩:০০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) গঠিত কমিটির মাধ্যমে খোলা/বাছাই করা হবে। বিস্তারিত বিবরণ সম্বলিত দরপত্র সিডিউল আগামী ০৩-০৪-২০২২খ্রি: তারিখ পর্যন্ত অফিস চলাকালীন (সকাল: ৯.০০ হতে বিকাল:৫.০০ ঘটিকা পর্যন্ত) সময়ে নগদ=৫০০/- (পাঁচশত) টাকা(অফেরতযোগ্য) জমা দানপূর্বক নির্বাচন কমিশন সচিবালয়ের সাধারণ সেবা-২ শাখা/আঞ্চলিক নির্বাচন অফিস/সিনিয়র জেলা নির্বাচন অফিস/জেলা নির্বাচন অফিস হতে সংগ্রহ করা যাবে এবং বিস্তারিত নিয়মাবলী সিডিউলে উল্লেখ করা হয়েছে। এছাড়াও দরপত্র অত্র অফিসের ওয়েবসাইট www.ecs.gov.bd-তে এবং CPTU এর ওয়েব সাইটে www.cptu.gov.bd পাওয়া যাবে। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

(মোহাম্মদ মাহুব আলম)

সিনিয়র সহকারী সচিব (সেবা-২)

ফোনঃ ৫৫০০৭৫৩৯

ই-মেইল: ecs.seba@gmail.com